

## রাজ্যসভায় শপথ নিলেন বাংলার ৬ গার্হস্থ্য হিংসা নিয়ে প্রশ্ন বৃন্দার

আজকালের প্রতিবেদন: দিল্লি, ২২ আগস্ট— সোমবার সকালে রাজ্যসভায় শপথ নিলেন বাংলার ৬ সাংসদ। এঁদের মধ্যে নতুন চারজন। সি পি এম পলিটব্যুরো সদস্য সীতারাম ইয়েচুরি ও বৃন্দা কারাত ছাড়াও এবারই প্রথম সংসদে পা রাখলেন শিল্লোদ্যোগী ও ক্রীড়া সংগঠক স্বপনসাধন বসু এবং অর্থনীতিবিদ অর্জুন সেনগুপ্ত। পুনর্নির্বাচিত হয়েছেন সি পি এমের চিত্তব্রত মজুমদার ও আর এস পি-র অবনী রায়। বাংলার ৬ সাংসদ ছাড়া এদিন শপথ নেন গুজরাটের কংগ্রেস সাংসদ আহমেদ প্যাটেল, বি জে পি-র এস কে আচার্য ও সুরেন্দ্র মতিলাল প্যাটেল। শপথপাক্য পাঠ করান রাজ্যসভার চেয়ারম্যান ভৈরো সিং শেখাওয়াত। বাংলার সাংসদদের মধ্যে বৃন্দা, সীতারাম ও 'নির্দল' অর্জুন সেনগুপ্ত শপথ নেন ইংরেজিতে। বাকি তিনজনই মাতৃভাষা বাংলায়। তৃণমূল সাংসদ স্বপনসাধন বসু শপথ গ্রহণের পরই পায়ে হাত দিয়ে প্রণাম করতে যান প্রবীণ শেখাওয়াতকে। বলেন, মাননীয় চেয়ারম্যান বয়োজ্যেষ্ঠ মানুষ। প্রবীণদের পায়ে হাত দিয়ে প্রণাম করাই সৌজন্য, বাংলার রীতি। সভার সব সদস্যের সহযোগিতা চান স্বপনসাধনবাবু। শপথ নেওয়ার পর বাংলার নতুন সাংসদরা অংশগ্রহণ করেন প্রশ্নোত্তর পর্বে। নবাগতা বৃন্দাকে সভার কায়দাকানুন বোঝাচ্ছিলেন আর এস পি-র অবনী রায়। শাসক ও বি জে পি সদস্যদের বিতণ্ডা হাসিমুখে বসে উপভোগ করছিলেন সীতারাম ইয়েচুরি। গৃহে মহিলাদের ওপর হিংসা নিয়ে একটি অতিরিক্ত প্রশ্ন করেন বৃন্দা কারাত। সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী কান্তি সিংয়ের উদ্দেশে বলেন, গোটা দেশে গার্হস্থ্য হিংসার ঘটনা বাড়ছে। মানসিক ও শারীরিকভাবে নির্যাতিত হচ্ছেন মহিলারা। পুরুষতান্ত্রিক এই সমাজে বাড়ির ভেতরেও মহিলাদের অসম্মানিত হতে হয়। সরকার এ ব্যাপারে নির্দিষ্ট কী কী পদক্ষেপ নিচ্ছে? পরে এদিন সভার বাইরে এসে বৃন্দা বলেন, আমরা বামপন্থীরা মানুষের স্বার্থে সংসদের বাইরে ও ভেতরে সমানভাবে লড়ব। সীতারামের প্রতিক্রিয়া:



সোমবার রাজ্যসভায়। ছবি: সোমনাথ পাকড়াশী

দেশের পরিবর্তিত পরিস্থিতিতে গুরুত্ব বাড়ছে বামপন্থীদের। এই সুযোগটাকে সংসদের ভেতরেও ঠিকঠাক কাজে লাগাতে হবে। 'নির্দল' অর্জুন সেনগুপ্তকে পাশে নিয়ে তৃণমূলের স্বপনসাধন বসু বলেন, রাজনীতিকরা রাজনীতি করুন। আমরা বাংলার উন্নয়নের লক্ষ্যে কাজ করব। তুলে ধরব বাংলার নানা সমস্যা। পাশাপাশি তাঁর মন্তব্য: ভারতকে বিশ্বকাপ ফুটবলের মানচিত্রে যুক্ত করা আমার স্বপ্ন।

2 AUG 2005 AAJK

# Yechury, Brinda file nominations

Kolkata

4 JULY

ALL set to enter Rajya Sabha from West Bengal, CPI(M) Politburo member Sitaram Yechury along with firebrand comrade Brinda Karat filed their nominations for the upcoming elections to the upper House.

The CPI(M) fielded the duo from the state and renominated All-India CITU general secretary Chittabrata Mazumdar. Left Front constituent RSP has nominated Abani Roy.

Eminent economist and chairman of the National Commission for Enterprises in the Working Sector, Arjun Sengupta, who was picked up by the Left Front and was backed by Congress, filed his papers on the last day.

On Saturday, Swapan Sadhan Bose, an editor of a leading Bengali daily and president of the Mohun Bagan Club filed his nomination as the Trinamool Congress candidate.

There will be six vacancies in the Rajya Sabha from West Ben-

gal, elections to which would be held on 14 July.

"The party's decision to nominate Ms Karat and I were prompted by its efforts to ensure a better co-ordination between the legislature and the party," Mr Yechury told newsmen.

Being asked if the CPI(M) decision to send him and Ms Karat to Rajya Sabha was part of strategy to be more vocal against the UPA government's policies in view of Assembly elections next year in West Bengal and Kerala, Mr Yechury said. "We are already outspoken against the policies which are against the interests of the people," he told. "The current political reality in the country is such that no Central government can be run without the support of Left parties. The CPI(M) wants to take advantage of the situation so that the cause of the common people can be served," he added.

The UPA government, he said, had been forced to reduce its planned increase of petrol and diesel prices by Rs 6 and Rs 4.50 per litre respectively to Rs 2.50 and Rs 2.

—PTI

*The Economic Times*